



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/16/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ চলাকালীন স্বতন্ত্র ডিজাইনারদের সহায়তা করার জন্য 500,000 ডলার অনুদান এবং IMG-এর সাথে অংশীদারিত্বের বিষয়ে গভর্নর হোকলের ঘোষণা

নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ অর্থনীতি নিরাপদে পুনরায় খুলে দেয়া ও আমেরিকার ফ্যাশনের রাজধানীর পুনরুদ্ধারের উপর আলোকপাত করে

সেপ্টেম্বর 2022 মৌসুমের জন্য নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ প্রদর্শনীর জন্য উৎপাদনের কিছু খরচ পুষিয়ে দিতে দশজন ক্ষুদ্র, স্বতন্ত্র ফ্যাশন ডিজাইনারের প্রত্যেককে \$50,000 ডলার অনুদান প্রদানের মাধ্যমে 500,000 ডলারের একটি অনুদান কর্মসূচি বাস্তবায়নের জন্য গভর্নর ক্যাথি হোকল আজ IMG-এর সাথে একটি অংশীদারিত্ব ঘোষণা করেছেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে IMG দ্বারা তৈরি করা এক সেট মানদণ্ডের ভিত্তিতে দশজন অনুদান প্রাপক নির্বাচনের জন্য IMG একটি আবেদন প্রক্রিয়া বাস্তবায়ন ও ব্যবস্থাপনা করবে।

"ফ্যাশন সপ্তাহ হল বিশ্বের ফ্যাশন রাজধানী হিসাবে নিউ ইয়র্কের ভূমিকার উদযাপন, যা সৃজনশীল প্রতিভার এক অতুলনীয় শ্রেণিকে আকৃষ্ট ও উদ্ভুদ্ধ করে," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী থেকে আমাদের প্রত্যাবর্তনের এই সময়ে, আমরা নিউ ইয়র্কের সবচেয়ে রোমাঞ্চকর ও গতিশীল শিল্পগুলির একটির পুনরুদ্ধারকে অগ্রাধিকার দেয়া অপরিহার্য। নিউ ইয়র্কের সেরা ক্ষুদ্র ও স্বতন্ত্র ডিজাইনারদের সাথে অংশীদারিত্ব গড়ে তোলার মাধ্যমে আমরা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করছি এবং এই গুরুত্বপূর্ণ শিল্পে প্রাণবন্ত উন্নয়নকে সমর্থন করছি।"

এই অনুদান কর্মসূচি কোভিড-19 পরবর্তী সময়ে নিউ ইয়র্ক ফ্যাশন শিল্পের প্রাণবন্ত প্রত্যাবর্তনে সহায়তা করবে, নিউ ইয়র্কের ফ্যাশন প্রতিভাকে আকর্ষণ করবে ও ধরে রাখবে, এবং নিউ ইয়র্ক-ভিত্তিক আরো ক্ষুদ্র ও স্বতন্ত্র ডিজাইনারদের পুনরুদ্ধারের প্রচেষ্টায় অংশগ্রহণ করতে সক্ষম করে তুলবে। ক্রেতা, মিডিয়া, শিল্প ও ভোক্তা দর্শকদের কাছে নতুন সংগ্রহ পরিচয় করিয়ে দেয়ার এই সুযোগ আমেরিকার ফ্যাশন রাজধানীতে ফ্যাশন ডিজাইনারদের অব্যাহত সফলতার চালিকাশক্তি।

ক্ষতিগ্রস্ত হওয়া ক্ষুদ্র ব্যবসায়ীলোকে সহায়তা করতে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান পুনরুদ্ধার ও নতুন কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকারি ও বেসরকারি খাত একসঙ্গে কাজ করছে।

ফ্যাশন, খুচরা বিক্রয় ও সৃজনশীল শিল্প একসাথে নিউ ইয়র্ক স্টেটের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ইঞ্জিনের প্রতিনিধিত্ব করে যা কোভিড-19 মহামারীর কারণে অসমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। কোভিড-19 মহামারীর আগে নিউ ইয়র্ক সিটি ফ্যাশন শিল্পখাত সিটির কর্মীদের 4.6 শতাংশের কর্মসংস্থানের ব্যবস্থা করেছিল, যার মোট মজুরির পরিমাণ ছিল প্রায় 11 বিলিয়ন ডলার। স্টেটের অর্থনীতিতে শিল্পের অবদান তুলে ধরতে গভর্নর শুক্রবার, 11 ফেব্রুয়ারি তারিখে প্রোয়েনজা স্কলার (Proenza Schouler) প্রদর্শনীতে অংশ নিয়েছিলেন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কমিশনার, প্রেসিডেন্ট ও CEO হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক সিটি হলো ফ্যাশন শিল্পের সৃজনশীল আত্মা ও অর্থনৈতিক ইঞ্জিন। এই অনুদান কর্মসূচি বাস্তবায়নের জন্য IMG-এর সাথে গভর্নর হোকলের অংশীদারিত্ব ফ্যাশন সপ্তাহের সময় একদল ক্ষুদ্র, স্বতন্ত্র ডিজাইনারকে রানওয়েতে অ্যাক্সেস দেবে, যা দর্জি থেকে শুরু করে কর্মীদের সমর্থনকারী কর্মীদের পর্যন্ত নির্মাতা ও ব্যবসায়ীদের একটি সম্পূর্ণ নেটওয়ার্ককে সহায়তা করবে যারা নিউ ইয়র্কের বৈশিষ্ট্যপূর্ণ স্টাইলের অত্যন্ত গুরুত্বপূর্ণ কেন্দ্রে রয়েছে।"

IMG ফ্যাশন ইভেন্টস এন্ড প্রপার্টিজ (IMG Fashion Events and Properties) এর প্রেসিডেন্ট লেসলি রুসো বলেন, "নিউ ইয়র্কের ফ্যাশন কমিউনিটিকে সহায়তা করার জন্য আমাদের উদ্যোগে গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত অংশীদারিত্বের জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। আমাদের স্টেট কোভিড-19 মহামারী থেকে সেরে উঠার ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্বের স্থানে থাকার দৃষ্টান্ত স্থাপন করেছে, এবং তাদের নির্দেশনার কারণেই গত দুই বছরের বিধ্বংসী প্রভাবের পরে আমরা ফ্যাশন শিল্পের পুনর্গঠনে সাহায্য করতে সক্ষম হয়েছি। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে সহযোগিতা নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহের কণ্ঠস্বরকে আরও বৈচিত্র্যময় করবে এবং আমরা নতুন প্রজন্মের প্রতিভাকে লালন-পালন করা এবং আগামী দিনগুলোতে বিশ্বব্যাপী ফ্যাশন মঞ্চে আমেরিকান ফ্যাশনের প্রতিনিধিত্ব করা অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করবো।"

কোভিড-19 মহামারীর প্রতিক্রিয়ায় নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহকে পুনরুজ্জীবিত করার জন্য এবং 2022 সাল জুড়ে নিউইয়র্ক ফ্যাশন সপ্তাহের স্বতন্ত্র ডিজাইনার ব্র্যান্ডগুলোর একটি গ্রুপের জন্য সহায়তা, তহবিল ও সংস্থান সরবরাহ করার জন্য 2021 সালের সেপ্টেম্বরে IMG ফ্যাশন অ্যালায়েন্স গঠন করে। নিউ ইয়র্ক স্টেটের অর্থায়নে পরিচালিত এই নতুন অনুদান নিউ ইয়র্ক ভিত্তিক আরো স্বতন্ত্র ডিজাইনারদের বাড়তি সহায়তা প্রদান করতে সাহায্য করবে।

নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ: এই মৌসুমে 11-16 ফেব্রুয়ারি পর্যন্ত এই প্রদর্শনী অনুষ্ঠিত হয়, লোয়ার ম্যানহাটনের স্প্রিং স্টুডিও থেকে সরাসরি প্রদর্শিত হয়, এবং এটি নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহের অফিসিয়াল কেন্দ্রীয় ইভেন্ট। এই ফেব্রুয়ারিতে "NYFW: দ্যা শো কর্মসূচির" সব অনুষ্ঠানে কোভিড-19 এর টিকার সম্পূর্ণ কোর্স গ্রহণের প্রমাণ যেমন এক্সেলসিওর পাস, এক্সেলসিওর পাস প্লাস অথবা বিকল্প যাচাইকরণ পদ্ধতি দেখানো আবশ্যিক।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418